গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
রিপোর্ট রিটার্ন শাখা
www.ird.gov.bd

আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৬.১৬.০০৬.২০.৭০৪

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩০
১০ ডিসেম্বর ২০২৩

বিষয়: **অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত।**

সূত্র:

মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং- ০৪.০০.০০০০.৩২১.১৬.০০৩.২৩.২৪০, তারিখ: ০৩-১২-২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন (আংশিক সংশোধনীসহ) নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।



১০-১২-২০২৩
তারেক মোহাম্মদ জাকারিয়া
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০২০৮


মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর
মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, রিপোর্ট অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৬.১৬.০০৬.২০.৭০৪/১(২)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩০
১০ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
২) যুগ্মসচিব (রিপোর্ট রিটার্ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ



১০-১২-২০২৩
তারেক মোহাম্মদ জাকারিয়া
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

রিপোর্ট রিটার্ন শাখা

**মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক**

**মন্ত্রণালয়/বিভাগের নাম: অভ্যন্তরীণ সম্পদ বিভাগ** **আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা: ০৪টি**

**প্রতিবেদনাধীন বছর: ২০২২-২৩** **প্রতিবেদন প্রস্তুতির তারিখ:** ২৫-০৭-২০২৩

**(১) প্রশাসনিক**

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ৯৩ | ৭০ | ২৩ | - | - |
| জাতীয় রাজস্ব বোর্ড | ২২২১০ | ১৪৩২৩ | ৭৮৮৭ | - | - |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ৪৬০ | ৩০২ | ১৫৮ | ৯৬ | - |
| ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল | ১৫৩ | ৭৭ | ৭৬ | ২৬ | - |
| কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল | ৬৫ | ৫০ | ১৫ | - | - |
| **মোট** | **২২৯৮১** | **১৪৮২২** | **৮১৫৯** | **১২২** | - |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| অফিস | অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০১ | - | ০৯ | ০৬ | ০৩ | ০৪ | ২৩ |
| জাতীয় রাজস্ব বোর্ড | - | - | ৫৪০ | ২৩১৮ | ৪০৮৫ | ৯৪৩ | ৭৮৮৭ |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | - | - | ১৫ | ৩০ | ৭৯ | ৩৪ | ১৫৮ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল | - | - | ১৩ | - | ৩০ | ৩৩ | ৭৬ |
| কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল | - | - | ০৩ | ০১ | ০৮ | ০৩ | ১৫ |
| মোট= | ০১ | - | ৫৮০ | ২৩৫৫ | ৪২০৫ | ১০১৭ | ৮১৫৯ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/ সমপদমর্যাদাসম্পন্ন/ সংস্থা-প্রধান/ তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা: নাই।

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নাই।

১.৫ অন্যান্য পদের তথ্য: নাই।

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| - | - |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| | প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | - | - | - | - | ১৪ | ১৪ | - |
| জাতীয় রাজস্ব বোর্ড | ২২৪ | ৩৯ | ২৬৩ | ৩৪৯ | ৪৬৮ | ৮১৭ | - |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | - | ০২ | ০২ | - | - | - | - |
| ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল | - | ০১ | ০১ | - | - | - | - |
| কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল | - | - | - | - | - | - | - |
| মোট= | ২২৪ | ৪২ | ২৬৬ | ৩৪৯ | ৪৮২ | ৮৩১ | - |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/ উপদেষ্টা | প্রতিমন্ত্রী /উপমন্ত্রী | সিনিয়র সচিব/সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| খুলনা, ০৩ দিন<br>২২-২৪ জুলাই, ২০২২ | - | - | খুলনাস্থ আয়কর, কাস্টমস ও ভ্যাট বিভাগের কর্মকর্তাদের সাথে ২০২২-২০২৩ অর্থ বিলের আনীত পরিবর্তন বিষয়ক মত বিনিময় সভা। | - |
| চট্টগ্রাম, ০১ দিন<br>২৮ জুলাই, ২০২২ | - | - | চট্টগ্রাম কাস্টম হাউস এর মডিউলার ডাটা সেন্টার উদ্বোধন। | - |
| রাজশাহী<br>৩১ জুলাই, ২০২২ | - | - | রাজশাহীস্থ আয়কর, কাস্টমস ও ভ্যাট বিভাগের কর্মকর্তাদের সাথে ২০২২-২০২৩ অর্থ বিলের আনীত পরিবর্তন বিষয়ক মত বিনিময় সভা। | - |
| রংপুর ও নীলফামারী, ০২ দিন<br>১৬-১৭ আগস্ট, ২০২২ | - | - | রংপুরস্থ আয়কর, কাস্টমস ও ভ্যাট বিভাগের কর্মকর্তাদের সাথে ২০২২-২০২৩ অর্থ বিলের আনীত পরিবর্তন বিষয়ক মত বিনিময় সভা। | - |
| সিরাজগঞ্জ, ০১ দিন<br>২২ অক্টোবর ২০২২ | - | - | কোভিড- ১৯ প্রতিরোধ বিষয়ক কার্যক্রম সুসমন্বয়ের লক্ষ্যে মতবিনিময় সভা | - |
| বরিশাল<br>২৯-৩০ অক্টোবর, ২০২২ | - | - | কাস্টমস, ভ্যাট ও আয়কর বিষয়ে বরিশাল বিভাগের সকল বিভাগীয় কর্মকর্তা ও জেলা প্রশাসকগণদের সাথে মত বিনিময় সভা। | - |
| ময়মনসিংহ, ০২ দিন<br>২৪-২৫ নভেম্বর, ২০২২ | - | - | কাস্টমস, ভ্যাট ও আয়কর বিষয়ে ময়মনসিংহ বিভাগের সকল বিভাগীয় কর্মকর্তা ও জেলা প্রশাসকগণদের সাথে মত বিনিময় সভা। | - |
| সিলেট ও হবিগঞ্জ, ০২ দিন<br>১৪-১৫ ফেব্রুয়ারি, ২০২৩ | - | - | সিলেট চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি ও সিলেট বিভাগের সকল চেম্বার এর সাথে ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাক বাজেট আলোচনা। | - |

| | | | | |
|---|---|---|---|---|
| রাজশাহী, ০১ দিন<br>২৩ ফেব্রুয়ারি, ২০২৩ | - | - | রাজশাহী চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি ও রাজশাহী বিভাগের সকল চেম্বার এর সাথে ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাক বাজেট আলোচনা। | - |
| খুলনা, ০২ দিন<br>০২-০৩ মার্চ, ২০২৩ | - | - | খুলনা চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি ও খুলনা বিভাগের সকল চেম্বার এর সাথে ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাক বাজেট আলোচনা। | - |
| রংপুর, ০১ দিন<br>০৯ মার্চ, ২০২৩ | - | - | রংপুর চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি ও রংপুর বিভাগের সকল চেম্বার এর সাথে ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাক বাজেট আলোচনা। | - |
| চট্টগ্রাম ও কক্সবাজার, ০২ দিন<br>১৫-১৮ মার্চ, ২০২৩ | - | - | চট্টগ্রাম চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি ও চট্টগ্রাম বিভাগের সকল চেম্বার এর সাথে ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাক বাজেট আলোচনা ও চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর সাথে ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাক বাজেট আলোচনা। | - |
| ব্রাহ্মণবাড়িয়া, ০১ দিন<br>০৬ মে, ২০২৩ | - | - | ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া স্থল কাস্টমস স্টেশন এর নবনির্মিত ভবনসহ স্থাপিত ব্যাগেজ স্ক্যানার এর শুভ উদ্বোধন ও পরিদর্শন। | - |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন<br>(মোট দিনের সংখ্যা) | মন্ত্রী<br>/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/<br>স্পেশাল এ্যাসিস্টেন্ট | সিনিয়র সচিব/সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| যুক্তরাষ্ট্র, ১৫ দিন<br>১৯ সেপ্টেম্বর - ০৪ অক্টোবর, ২০২২ | - | - | "Business Design and Future Technology Understanding" | - |
| ইরান, ০৭ দিন<br>০৬-১২ অক্টোবর, ২০২২ | - | - | "Double Taxation Avoidance Agreement between Bangladesh & Iran" | - |
| হাঙ্গেরি, ০৭ দিন<br>০৬-১২ নভেম্বর, ২০২২ | - | - | "Double Taxation Avoidance Agreement between Bangladesh & Hungary" | - |
| মরিশাস, ০৭ দিন<br>১৫-২১ জানুয়ারি, ২০২৩ | - | - | "Avoidance of Double Taxation and the Prevention of Fiscal Evasion with Respect to Taxes on Income" | - |
| জাপান, ০৫ দিন<br>২৫-২৯ এপ্রিল, ২০২৩ | - | - | Signing the Agreement between the Government of the people's Republic of Bangladesh and the Government of Japan on Cooperation and Mutual Assistance in Customs Matter. | - |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) অডিট আপত্তি**

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রম | মন্ত্রণালয়/<br>বিভাগসমূহের<br>নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০৯ | ০.১৭৮০ | ০৯ | ০৬ | ০.১৬৪৭ | ০৩ | ০.০১৩৩ |
| ০২. | জাতীয় রাজস্ব বোর্ড | ৮২৭০ | ২৬১৩০.৬৩ | ৭৪০৮ | ১০০৬ | ৯৭০৩.৩২ | ৬৯৯০ | ২১৩০৯.৫৬ |
| ০৩. | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ৩১ | ৪৯৪.৫৮ | ০১ | ১৪ | ২৭৪.৩৬ | ১৭ | ২২০.২২ |
| ০৪. | ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল | - | - | - | - | - | - | - |
| ০৫. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল | - | - | - | - | - | - | - |
| | সর্বমোট= | ৮৩২৬ | ২৬৬২৫.৭৪৮ | ৭৪৩৪ | ১০৩০ | ৯৯৭৭.৮৪৪৭ | ৭০২২ | ২১৫২৯.৭৯৩৩ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| | প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২২-২৩) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | - | - | - | - | - | - |
| জাতীয় রাজস্ব বোর্ড | ১১০ | ০২ | ২৪ | ২৪ | ৫০ | ৭৫ |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ০৪ | - | - | - | - | ০৪ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল | - | - | - | - | - | - |
| কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল | - | - | - | - | - | - |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | - | - | - | - |

(৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| | ১ | ২ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০২ | ৫৬ |
| জাতীয় রাজস্ব বোর্ড | ৩১ | ৮৭৬ |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ৪৪ | ১১৮৫ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল | ১৯ | ১৩৫ |
| কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল | - | - |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২২-২৩) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

(১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ- ২৬টি, (২) জাতীয় রাজস্ব বোর্ড- ০০টি, (৩) জাতীয় সঞ্চয় অধিদপ্তর- ০৬টি, (৪) ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল- ০৬টি।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নাই।

৫.৪ মন্ত্রণালয়ে অন-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না: নাই।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থবছরে (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ১৩০ জন।

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| | দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|---|
| | ১ | ২ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০৮ | ১৮২ |
| জাতীয় রাজস্ব বোর্ড | ০৯ | ৩১৭ |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ১৩ | ৪৬৩ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল | ০৭ | ১৯ |
| কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল | - | - |

(৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৫৯৩ | হ্যাঁ | হ্যাঁ | হ্যাঁ | ২৫৫ | ৩৩১ |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ

(অর্থ বিভাগের জন্য)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| | | ২০২২-২৩ | | ২০২১-২২ | | হ্রাস(-)/বৃদ্ধির (+) হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | **লক্ষ্যমাত্রা** | **প্রকৃত অর্জন** | **লক্ষ্যমাত্রা** | **প্রকৃত অর্জন** | **লক্ষ্যমাত্রা** | **প্রকৃত অর্জন** |
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিনিউ | | | | | | |
| | নন-ট্যাক্স রেভিনিউ | | | | | | |
| উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) | | | | | | | |
| লভ্যাংশ হিসাবে | | | | | | | |

**(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট**

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকা

৯.২ প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত **গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলি:

**কাস্টমস বিষয়ক:**

a. বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টি এবং বৈদেশিক মুদ্রার সাশ্রয়ের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ;
b. রপ্তানিমুখী শিল্প বহুমুখীকরণ এবং তার পশ্চাদ শিল্পে প্রণোদনা;
c. স্বাস্থ্য, কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ, অটোমোবাইল, ইলেকট্রনিক্স এবং আইসিটি খাতের বিকাশ ও উন্নয়ন;
d. Ease of doing business সূচকে বাংলাদেশের অবস্থানের উন্নয়ন; এবং
e. স্থানীয় শিল্পের বিকাশ ও প্রতিরক্ষণে শুল্কহার যৌক্তিকীকরণের মাধ্যমে অভ্যন্তরীণ রাজস্ব (মূল্য সংযোজন কর ও আয়কর) আহরণ বৃদ্ধি।

২০২২-২০২৩ অর্থ বছরে বিদ্যমান ৬(ছয়) স্তর বিশিষ্ট আমদানি শুল্ক (Customs Duty) কাঠামো (০%, ১%, ৫%, ১০%, ১৫% এবং ২৫%), সর্বোচ্চ আমদানি শুল্ক আরোপিত রয়েছে এমন পণ্যের উপর আবশ্যিকভাবে বিদ্যমান রেগুলেটরী ডিউটি ৩% এবং ১২ (বার) স্তর বিশিষ্ট সম্পূরক শুল্কহার (১০%, ২০%, ৩০%, ৪৫%, ৬০%, ১০০%, ১৫০%, ২০০%, ২৫০%, ৩০০%, ৩৫০% এবং ৫০০%) অব্যাহত রাখা হয়েছে। এছাড়া, নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রী, সার, বীজ, জীবন রক্ষাকারী ঔষধ এবং আরো কতিপয় শিল্পের কাঁচামালের ক্ষেত্রে বিদ্যমান শুল্কহার অপরিবর্তিত রাখা হয়েছে।

**১। ট্যারিফ যৌক্তিকীকরণ:**

আন্তর্জাতিক বাণিজ্য সহজীকরণের উদ্দেশ্যে পণ্যের নামকরণ এবং শ্রেণিবিন্যাসজনিত জটিলতা দূর করার লক্ষ্যে আমদানি-রপ্তানি পণ্যে বিদ্যমান এইচ.এস কোড ও বর্ণনা ইত্যাদিতে যেসব অসঙ্গতি, বৈষম্য পরিলক্ষিত হয়েছে-তা যথাযথভাবে পরীক্ষা ও পর্যালোচনা করে সংশোধন, প্রযোজ্য ক্ষেত্রে পৃথক এইচ.এস কোড সৃজন ও যৌক্তিকীকরণ করা হয়েছে।

**২। স্থানীয় শিল্পের প্রতিরক্ষণ:**

আমদানি বিকল্প (Import substitute) দেশীয় শিল্পের প্রসারের লক্ষ্যে কাঁচামাল আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান এবং বিদ্যমান স্থানীয় শিল্পের প্রতিরক্ষণের জন্য তৈরি পণ্য আমদানিতে শুল্ক-কর বৃদ্ধি করা হয়েছে।

**৩। কৃষি খাত:**

কৃষি একটি গুরুত্বপূর্ণ ও অগ্রাধিকার প্রাপ্ত খাত। অগ্রাধিকার খাত বিবেচনায় কৃষি খাতের প্রধান উপকরণ বিশেষ করে সার, বীজ, কীটনাশক ইত্যাদি আমদানিতে শূন্য শুল্ক-হার অব্যাহত রাখা এবং এ খাতের চাহিদা অনুযায়ী সুবিধা সম্প্রসারণের ব্যবস্থা নেয়া হয়েছে।

**৪। নিত্য প্রয়োজনীয় দ্রব্য:**

দেশে নিত্য প্রয়োজনীয় প্রধান প্রধান খাদ্যদ্রব্যের সরবরাহ নিরবচ্ছিন্ন রাখতে বিদ্যমান শুল্ক হার অপরিবর্তিত রাখার নীতি অব্যাহত রাখা হয়েছে।

**৫। স্বাস্থ্য খাত:**

স্বাস্থ্য খাতকে সুসংহতকরণে ঔষধ, চিকিৎসা সামগ্রী ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল আমদানিতে বিদ্যমান রেয়াতি সুবিধা সম্প্রসারণ করার উদ্যোগ নেয়া হয়েছে।

**৬। প্রাণিসম্পদ, মৎস্য, ডেইরি খাত:**

প্রাণিসম্পদ, মৎস্য ও ডেইরি খাত একটি বিশেষ গুরুত্বপূর্ণ খাত। মৎস্য, পোল্ট্রি ও ডেইরি খাতের টেকসই উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে উক্ত খাতের খাদ্য সামগ্রী ও নানাবিধ উপকরণ আমদানিতে বিগত সময়ে প্রদত্ত রেয়াতি সুবিধা অব্যাহত রাখা এবং কতিপয় নতুন উপকরণ উক্ত খাতের জন্য বিদ্যমান এস.আর.ও এর অন্তর্ভুক্ত করে রেয়াতি সুবিধা সম্প্রসারণ করা হয়েছে।

**৭। আইসিটি (ICT) খাত:**

দেশে কম্পিউটার, ল্যাপটপ ও আইসিটি সংশ্লিষ্ট পণ্য উৎপাদনের জন্য মৌলিক শিল্প স্থাপন ও প্রসারের লক্ষ্যে এ শিল্প সংশ্লিষ্ট কাঁচামালের আমদানি শুল্ক-কর হ্রাস ও তৈরি পণ্যের ট্যারিফ যৌক্তিকীকরণের মাধ্যমে আইসিটি খাতের শিল্পকে বিশেষ প্রতিরক্ষণের ব্যবস্থা গ্রহণ।

**৮। তেল-গ্যাস, বিদ্যুৎ খাত:**

বিদ্যুৎ ও তেল-গ্যাস খাতের বিদ্যমান সমস্যা নিরসনের জন্য বিদ্যুৎ সংশ্লিষ্ট এস.আর.ও কে যুগোপযোগী করে নতুন এস.আর.ও জারি করা হয়েছে।

**৯। রপ্তানিমুখী শিল্প খাত:**

রপ্তানিমুখী শিল্প প্রসারের জন্য বিদ্যমান শুল্ক-কর প্রণোদনা অব্যাহত রাখার পাশাপাশি রপ্তানি বহুমুখীকরণের জন্য Non-RMG খাতকে বিশেষ প্রণোদনা দেওয়া হয়েছে।

**১০। ইলেকট্রিক, ইলেকট্রনিক্স ও বিবিধ শিল্প:**

দেশীয় টেলিভিশন, রেফ্রিজারেটর, লিফ্ট, মোটরসাইকেল, মোবাইল উৎপাদনকারী প্রতিষ্ঠানের বিকাশ ও প্রতিরক্ষণের জন্য শুল্ক-করের ক্ষেত্রে বিশেষ প্রণোদনা রয়েছে। তথাপি, এসকল শিল্পের বিকাশের জন্য তাদের চাহিদা অনুযায়ী নতুন নতুন ক্ষেত্র চিহ্নিত করে বিশেষ প্রণোদনা সম্প্রসারণের উদ্যোগ নেয়া হয়েছে।

**১১। মধ্যম আয়ের দেশে উন্নীত (LDC graduation) হওয়ার চ্যালেঞ্জ মোকাবেলা:**

বাংলাদেশ মধ্য আয়ের দেশে উন্নীত হওয়ার জন্য যে সকল কমপ্লায়েন্স পূরণের বাধ্যবাধকতা রয়েছে তা যথাসময়ের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে পদক্ষেপ নেওয়া হয়েছে।

**১২। আমদানি রপ্তানি সহজীকরণ ও Trade Facilitation:**

বাণিজ্য সহজীকরণের জন্য World Trade Organization এর Trade Facilitation Agreement এর আওতায় জাতীয় রাজস্ব বোর্ডের কাস্টমস অনুবিভাগ সংশ্লিষ্ট যেসকল প্রভিশন রয়েছে তার প্রায় সবগুলোই নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে জাতীয় রাজস্ব বোর্ড এর কাস্টমস অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। এগুলো বাস্তবায়িত হলে Cost of doing business হ্রাস পাওয়ার পাশাপাশি Ease of doing business এর র‌্যাংকিং এ বাংলাদেশের অবস্থানের উন্নতি ঘটবে।

**মূসক বিষয়ক:**

**ক) ২০২২-২০২৩ অর্থবছরে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় যেসকল আইন ও বিধি প্রণয়ন, সংশোধন/সংযোজন করা হয়েছিলো তা নিম্নরূপ:**

১) ভ্যাট আইনে বর্তমানে কেন্দ্রীয় নিবন্ধনের ক্ষেত্রে একাধিক উৎপাদনস্থল থাকার বাধ্যবাধকতা রয়েছে। ব্যবসায়িক বাস্তবতা বিবেচনা করে দুই বা ততোধিক উৎপাদনস্থলের পরিবর্তে এক বা একাধিক উৎপাদনস্থলের ক্ষেত্রে কম্পিউটারাইজড অটোমেটেড পদ্ধতিতে হিসাবরক্ষনের শর্তে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করার বিধান সন্নিবেশ করা হয়েছিলো।

২) আগাম মূল্য পরিশোধিত টেলিযোগাযোগ সেবা সরবরাহের ক্ষেত্রে মূসকের পাশাপাশি সম্পূরক শুল্ক হ্রাসকারী সমন্বয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ধারায় প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছিলো।

৩) একই মালিকানাধীন প্রতিষ্ঠানের মধ্যে সরবরাহের বিপরীতে রেয়াত গ্রহণের ক্ষেত্রে ব্যাংকিং চ্যানেলে লেনদেনের বাধ্যবাধকতা তুলে দেয়া এবং ব্যাংকিং মাধ্যমের পাশাপাশি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে লেনদেন করলেও রেয়াত গ্রহণ করা যাবে মর্মে নতুন বিধান সংযোজন করা হয়েছিলো।

৪) পণ্য উৎপাদনের খরচ হ্রাসের লক্ষ্যে পণ্যের স্বত্তাধিকারী কর্তৃক আমদানিকৃত উপকরণ চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরাসরি সরবরাহের বিধান সংযোজন করা হয়েছিলো।

৫) উৎসে ভ্যাট কর্তনের পর সরবরাহকারী কর্তৃক হ্রাসকারী সমন্বয় গ্রহনের সময়সীমা ২ কর মেয়াদ হতে বৃদ্ধি করে ৪ কর মেয়াদ করা হয়েছিলো।

৬) বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান (MFS) কর্তৃক ইস্যুকৃত ইনভয়েসকে চালানপত্র হিসেবে গণ্য করা হয়েছিলো।

৭) আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে ঋণপত্রের পাশাপাশি চুক্তিপত্রের মাধ্যমে সরবরাহ প্রচ্ছন্ন রপ্তানি হিসেবে গণ্য করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিধিতে প্রয়োজনীয় সংশোধন করা হয়েছিলো।

৮) ভ্যাট *অব্যাহতিপ্রাপ্ত পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে প্রজ্ঞাপনের শর্ত লংঘন করলে অব্যাহতি সুবিধা বাতিলের পরিবর্তে শুধুমাত্র জরিমানা আরোপের বিধান* করা হয়েছিলো।

৯) এছাড়াও, অন্যান্য ধারা ও বিধিতে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছিলো।

**খ) স্থানীয় শিল্পের বিকাশ ও করভার লাঘবের জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছিলো:**

১) LPG Cylinder এর উপর স্থানীয় উৎপাদন পর্যায়ে ১৫% এর পরিবর্তে ৫% মূসক প্রদানের সুবিধা ২০২২-২৩ অর্থবছরে ১ বছরের জন্য বৃদ্ধি করা হয়েছিলো।

২) রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনের ক্ষেত্রে স্থানীয় উৎপাদন পর্যায়ে অব্যাহতি প্রত্যাহারপূর্বক ভ্যাটের হার ৫ শতাংশ নির্ধারণ এবং উপকরণ ও যন্ত্রাংশ আমদানি ও স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান সুবিধা ৩০ জুন, ২০২৩ পর্যন্ত বর্ধিত করা হয়েছিলো।

৩) রেফ্রিজারেটর ও ফ্রিজারের কম্প্রেসর উৎপাদনের ক্ষেত্রে বিদ্যমান ভ্যাট অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০২৫ খ্রিঃ পর্যন্ত বর্ধিত করা হয়েছিলো।

৪) পলিপ্রোপাইলিন স্ট্যাপল ফাইবার স্থানীয়ভাবে উৎপাদনের ক্ষেত্রে বিদ্যমান ভ্যাট অব্যাহতি বলবৎ রাখার পাশাপাশি উপকরণ আমদানির ক্ষেত্রে আগাম কর অব্যাহতি প্রদান করা হয়েছিলো।

৫) এপিআই উৎপাদনের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে সমুদয় মূল্য সংযোজন কর এবং উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে আগাম করসহ মূসক ও সম্পূরক শুল্ক অব্যাহতি সুবিধা ৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখ পর্যন্ত প্রদান করা হয়েছিলো।

৬) দেশে ভারী শিল্প বিকাশের লক্ষ্যে ২৫০০ সিসি পর্যন্ত মোটর কার ও মোটর ভেহিক্যালের উৎপাদনের ক্ষেত্রে উৎপাদনের পর্যায়ভেদে স্থানীয় পর্যায়ের মূসক এবং উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে মূসক (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক অব্যাহতি সুবিধা ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত প্রদান করা হয়েছে। তবে সম্পূর্ণ উৎপাদনকারী হিসেবে শর্ত পূরণ না করলে ২০২৬ সাল হতে স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ শতাংশ হারে মূসক ধার্য করা হয়েছিলো।

৭) থ্রি-হুইলার এর স্থানীয় উৎপাদনের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে ৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর ও উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে সমুদয় মূসক (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত অব্যাহতি প্রদান করা হয়েছিলো।

৮) আইডলিং স্টপ/স্টার্ট-স্টপ প্রযুক্তির মেইনটেনেন্স ফ্রি ও সিলড্ মেইনটেনেন্স ফ্রি ব্যাটারি এর স্থানীয় উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে আরোপণীয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) ও সম্পূরক শুল্ক ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত অব্যাহতি প্রদান করা হয়েছিলো।

**গ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর শিল্পের প্রসারে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছিলো:**

১) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার শিল্পের বিকাশের লক্ষ্যে মোবাইল ফোনের ব্যাটারি, চার্জার ও ইন্টারেকটিভ ডিসপ্লে এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ভ্যাট অব্যাহতি প্রদান করা হয়েছিলো।

**ঘ) কৃষি উৎপাদনে খরচ হ্রাস ও যন্ত্রের ব্যবহার বৃদ্ধির জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছিলো:**

১) পাওয়ার টিলার এর উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে মূসক অব্যাহতি প্রদান করা হয়েছিলো।

২) নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক কৃষিকার্যে ব্যবহার্য কীটনাশক, ছত্রাকনাশক ও বালাইনাশক উৎপাদনে ব্যবহৃত উপকরণ Castor Oil Polyglycol 36-37, Solvesso 150 (APAC), Genapol 100, Propoconazole Technical 220 KG 22D, Dodecylbzols Acid Branched CA-S Sol আমদানির ক্ষেত্রে আগাম কর অব্যহতি প্রদান করা হয়েছিলো।

৩) নিবন্ধিত হাঁস-মুরগির খামার কর্তৃক যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে আগাম কর অব্যহতি প্রদান করা হয়েছিলো।

৪) পশু খাদ্য আমদানি ও উৎপাদন পর্যায়ে বিদ্যমান অব্যাহতি সুবিধা বলবৎ রাখার পাশাপাশি ব্যবসায়ী পর্যায়ে ভ্যাট অব্যাহতি প্রদান করা হয়েছিলো।

**ঙ) সমাজকল্যাণ খাতে গৃহীত পদক্ষেপ:**

১) সমাজ কল্যাণমূলক সেবা হিসেবে দৃষ্টি প্রতিবন্ধি মানুষদের পড়ার উপকরণ ব্রেইল মুদ্রণের উপর ভ্যাট অব্যাহতি প্রদান করা হয়েছিলো।

**চ) EFD/SDC স্থাপনঃ-**

১) করজাল বৃদ্ধি ও কর পরিশোধ সহজ করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড আগস্ট ২০২০ হতে EFD/SDC স্থাপনের কাযক্রম শুরু করেছে। মার্চ, ২০২৩ এর মধ্যে ৯০৯৭ টি প্রতিষ্ঠানে EFD (Electronic Fiscal Device)/ SDC (Sales Data Controller) স্থাপিত হয়েছে। সম্প্রতি খুচরা/পাইকারি এবং সেবা পর্যায়ে মূসক জাল, EFDMS এর মাধ্যমে সম্প্রসারণের লক্ষ্যে EFD/SDC মেশিন ক্রয়ের পরিবর্তে সার্ভিস চার্জের বিনিময়ে সেবা ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এটি কার্যকর করার পর খুচরা, পাইকারী ও সেবা পর্যায়ে রাজস্ব আহরণ বৃদ্ধি পাওয়ার পাশাপাশি অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠিত হবে বলে আশা করা যায়। এক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে তিনটি এলাকা (ঢাকাতে দুটি ও চট্টগ্রামে একটি) নির্ধারণ করা হয়েছে। এ ক্ষেত্রে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং অতি শীঘ্রই মেশিন স্থাপনের কার্যক্রম শুরু হবে। এক্ষেত্রে ১ম বছরে ৬০ (ষাট) হাজার ও সর্বমোট ০৩ (তিন) লক্ষ EFD/SDC মেশিন স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিলো।

**আয়কর বিষয়ক:**

**২০২২-২০২৩ অর্থ বছরে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর আওতায় যে সকল আইন ও বিধি প্রণয়ন, সংশোধন/সংযোজন করা হয়েছিল তা নিম্নরূপ:**

**১। করহার:**

**ক। কোম্পানি করহার হ্রাস**

- পাবলিকলি ট্রেডেড কোম্পানি যাদের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হয়েছে তাদের করহার ২২.৫ শতাংশ হতে কমিয়ে ২০ শতাংশ করার প্রস্তাব করা হয়েছে। তবে, প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার অতিরিক্ত ব্যয় ও বিনিয়োগ এবং সকল প্রকারের আয় ও প্রাপ্তি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত কর হার ২২.৫% বহাল থাকবে।
- পাবলিকলি ট্রেডেড কোম্পানি যাদের পরিশোধিত মূলধনের ১০% বা ১০% এর কম শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হয়েছে তাদের করহার ২২.৫ শতাংশ করার প্রস্তাব করা হয়েছে। তবে, প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার অতিরিক্ত ব্যয় ও বিনিয়োগ এবং সকল প্রকারের আয় ও প্রাপ্তি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করতে ব্যর্থ হলে উপরোক্ত করহার ২৫% করার প্রস্তাব করা হয়েছে।
- পাবলিকলি ট্রেডেড নয় এরূপ কোম্পানির করহার ৩০ শতাংশ হতে কমিয়ে ২৭.৫ শতাংশ করার প্রস্তাব করা হয়েছে। তবে, প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার অতিরিক্ত ব্যয় ও বিনিয়োগ এবং সকল প্রকারের আয় ও প্রাপ্তি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করতে ব্যর্থ হলে উপরোক্ত করহার ৩০% হবে।

**খ। কোম্পানি নয় এরূপ ব্যক্তি-সংঘ, আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তি এবং অন্যান্য করারোপযোগ্য সত্তার করহার হ্রাস:**

কোম্পানি নয় এরূপ ব্যক্তি-সংঘ, আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তি এবং অন্যান্য করারোপযোগ্য সত্তার করহার ৩০ শতাংশ হতে কমিয়ে ২৭.৫ শতাংশ করার প্রস্তাব করা হয়েছে। তবে, প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার অতিরিক্ত ব্যয় ও বিনিয়োগ এবং সকল প্রকারের আয় ও প্রাপ্তি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত কর হার ৩০% হবে।

**গ। এক ব্যক্তি কোম্পানি (ওপিসির) করহার হ্রাস**

এক ব্যক্তি কোম্পানি (ওপিসি) এর করহার ২৫ শতাংশ হতে কমিয়ে ২২.৫ শতাংশ করার প্রস্তাব করা হয়েছে। তবে, প্রত্যেক একক লেনদেনে পাঁচ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ছত্রিশ লক্ষ টাকার অতিরিক্ত ব্যয় ও বিনিয়োগ এবং সকল প্রকারের আয় ও প্রাপ্তি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করতে ব্যর্থ হলে উপরোক্ত করহার ২৫% হবে।

**ঘ। ব্যক্তি শ্রেণির করহার**

ব্যক্তি শ্রেণীর করদাতাদের করমুক্ত আয়সীমা, করহার এবং করধাপ ২০২১-২০২২ অর্থবছরের ন্যায় যার বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

| বিদ্যমান করধাপ | বিদ্যমান করহার |
|---|---|
| ৩ লক্ষ টাকা পর্যন্ত | শূন্য |
| পরবর্তী ১ লক্ষ টাকার | ৫% |
| পরবর্তী ৩ লক্ষ টাকার | ১০% |
| পরবর্তী ৪ লক্ষ টাকার | ১৫% |
| পরবর্তী ৫ লক্ষ টাকার | ২০% |
| অবশিষ্ট টাকার | ২৫% |

**ঙ। সারচার্জ এর হার**

সারচার্জ এর হার ২০২১-২০২২ অর্থবছরের ন্যায় যার বিবরণ নিম্নরূপ:

| সম্পদ | বিদ্যমান সারচার্জের হার |
|---|---|
| (ক) নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকা পর্যন্ত- | শূন্য |
| (খ) নীট পরিসম্পদের মূল্যমান তিন কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নহে; বা,<br>নিজ নামে একের অধিক মোটর গাড়ি; বা,<br>কোনো সিটি কর্পোরেশন এলাকায় মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি | ১০% |
| (গ) নীট পরিসম্পদের মূল্যমান দশ কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নহে- | ২০% |
| (ঘ) নীট পরিসম্পদের মূল্যমান বিশ কোটি টাকার অধিক কিন্তু পঞ্চাশ কোটি টাকার অধিক নহে- | ৩০% |
| (ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পঞ্চাশ কোটি টাকার অধিক হলে- | ৩৫% |

**চ। খামার বা হ্যাচারীর এবং মৎস চাষের করহার**

খামার বা হ্যাচারীর এবং মৎসচাষের আয়ের ব্যবসার প্রকৃতি সমধর্মী হওয়ায় খামার বা হ্যাচারীর ক্ষেত্রেও মৎসচাষের জন্য প্রযোজ্য করহারের ন্যায় একই করহার এর বিধান প্রস্তাব করা হয়েছে।

| খামার বা হ্যাচারীর এবং মৎসচাষের জন্য প্রস্তাবিত করহার (একত্রিত করে) | |
|---|---|
| আয়ের পরিমাণ | করহার |
| প্রথম ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর | শূন্য |
| পরবর্তী ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর | ৫% |
| পরবর্তী ১০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের উপর | ১০% |
| অবশিষ্ট আয়ের উপর | ১৫% |

**২। সামাজিক কল্যাণ ও অন্তর্ভুক্তি বিবেচনাকরণ**

**ক। তৃতীয় লিঙ্গের করদাতা-**

কোনো করদাতা নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে প্রতিষ্ঠানে কর্মরত মোট জনবলের ১০% (দশ শতাংশ) অথবা ২৫ (পঁচিশ) জনের অধিক কর্মচারী তৃতীয় লিঙ্গ হতে নিয়োগ করলে উক্ত করদাতাকে নিম্নোক্তভাবে কর রেয়াত প্রদানের প্রস্তাব করা হয়েছে -

- প্রদেয় করের ৫% (পাঁচ শতাংশ); অথবা
- তৃতীয় লিঙ্গের কর্মচারীগণের পরিশোধিত মোট বেতনের ৭৫% (পঁচাত্তর শতাংশ)-এই দুটোর মধ্যে যেটি কম।

**খ । প্রতিবন্ধী ব্যক্তি করদাতা-**

- কোনো স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় বা এনজিওতে সেবা গ্রহণকারী প্রতিবন্ধী ব্যক্তিগণের সেবাস্থলে গম্যতার ক্ষেত্রে এবং সেবা প্রদানে দেশে বলবৎ আইনি বিধান অনুযায়ী উপযুক্ত ব্যবস্থা না রাখলে ২০২২ সালের ১ জুলাই তারিখে আরব্ধ কর বৎসর হতে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য করের ৫% (পাঁচ শতাংশ) অতিরিক্ত কর ধার্য করার প্রস্তাব করা হয়েছে ।
- কোনো করদাতা নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে প্রতিষ্ঠানে কর্মরত মোট জনবলের অন্যূন ১০% (দশ শতাংশ) অথবা ২৫ (পঁচিশ) জনের অধিক কর্মচারী প্রতিবন্ধী ব্যক্তি নিয়োগ করলে উক্ত করদাতাকে নিম্নোক্তভাবে কর রেয়াত প্রদানের প্রস্তাব করা হয়েছে -
- প্রদেয় করের ৫% (পাঁচ শতাংশ); অথবা
- প্রতিবন্ধী ব্যক্তি কর্মচারীগণের পরিশোধিত মোট বেতনের ৭৫% (পঁচাত্তর শতাংশ)-এই দুটোর মধ্যে যেটি কম।

**৩। উৎসে করহার:**

**ক। আমদানি পর্যায়ে উৎসে করহার হ্রাসকরণ:**

- স্বর্ণ আমদানির উৎসে করহার ৫% এর পরিবর্তে ০% করার প্রস্তাব করা হয়েছে।
- সিআইশীট ম্যানুফ্যাকচারার কর্তৃক আমদানিকৃত কাঁচামাল এর উৎসে করহার ৫% এর পরিবর্তে ৩% করার প্রস্তাব করা হয়েছে।
- হুইল চেয়ার আমদানির উৎসে করহার ৫% এর পরিবর্তে ০% করার প্রস্তাব করা হয়েছে।

**খ। সরবরাহ পর্যায়ে উৎসে করহার হ্রাস:**

- সরকার বা সরকারের কোন প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট supply of books এর উৎসে করহার সর্বোচ্চ ৭% হতে কমিয়ে একক হার ৩% করার প্রস্তাব করা হয়েছে।

- Supply of goods to trader এর উৎসে করহার সর্বোচ্চ ৭% হতে কমিয়ে একক হার ৫% করার প্রস্তাব করা হয়েছে।
- Supply of raw materials to manufacturar এর করহার সর্বোচ্চ ৭% হতে কমিয়ে একক হার ৪% করার প্রস্তাব করা হয়েছে।

**গ। সেবা খাতে উৎসে করহার হ্রাস:**

- ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সহায়ক হিসেবে অনিবাসীর বরাবরে ব্যান্ডউইদ পেমেন্ট হতে উৎসে ২০% এর পরিবর্তে ১০% হারে কর কর্তনের প্রস্তাব করা হয়েছে।
- অনিবাসীর বরাবরে উৎসে কর কর্তন সংশ্লিষ্ট আইনী বিধানের টেবিলে বর্ণিত বিভিন্ন পেমেন্ট ব্যতীত অন্যান্য পেমেন্ট হতে উৎসে ৩০% এর পরিবর্তে ২০% হারে কর কর্তনের প্রস্তাব করা হয়েছে।

**ঘ। উৎস করহার যৌক্তিকীকরণ:**

